

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**  
**Date: 04-01-2025**  
**Time: 07:55-08:05 PM Hrs**  
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

- (১) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন রাজ্য সরকার দিব্যাঙ্গ ও দৃষ্টিহীনদের সমাজের মূলশ্রেতে এনে প্রতিষ্ঠিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।
- (২) রাজ্য সরকার যৌথভাবে সড়ক নিরাপত্তা, ভোক্তা সুরক্ষা ও ড্রাগসের বিরুদ্ধে ছাত্রছাত্রীদের সচেতনতা তৈরির লক্ষ্যে জাগৃতি নামে এক কর্মসূচী হাতে নিয়েছে।
- (৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গ্রামীণ ভারতকে ক্ষমতায়ন করার জন্য গ্রামগুলিকে বৃক্ষ ও সুযোগের প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করার বিষয়ে সরকারের দৃষ্টিভঙ্গির উপর জোর দিয়েছেন।
- (৪) জাতীয় সাবজুনিয়র জিমনাস্টিক প্রতিযোগিতায় ত্রিপুরার সাগর সরকার ব্রোঞ্জ পদক দখল করেছে।

\*\*\*\*\*

**Governor :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিও নাল্লু বলেছেন রাজ্য সরকার দিব্যাঙ্গ ও দৃষ্টিহীনদের সমাজের মূলশ্রেতে এনে প্রতিষ্ঠিত করতে প্রতিশ্রুতি বদ্ধ। আগরতলা প্রেস ক্লাবে বিশ্ব ব্রেইল দিবস উপলক্ষ্যে অল ত্রিপুরা স্লাইন্ড এসোসিয়েশন দ্বারা আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করে তিনি একথা বলেন। রাজ্যপাল বলেন প্রতিবছর রাজ্যের দুটি দৃষ্টিহীন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ফলাফল তাদের মেধাকে পরিস্ফুট করে। তিনি বলেন বিশেষ ভাবে সক্ষম ছাত্রছাত্রীদের জন্য মুখ্যমন্ত্রীর প্রকল্পগুলি তাদের পড়াশুনায় অনেক সাহায্য করছে। তিনি বলেন আগামীদিনে শুধুমাত্র তাদের জন্য চাকুরীক্ষেত্রে কিছু পদ সৃষ্টি করার কথা সরকারের বিবেচনাধীন রয়েছে।

# # # # # # # Byte-Governor# # # # #

অনুষ্ঠানে পশ্চিম ত্রিপুরার জেলাশাসক তথা সমাহর্তা ডাঃ বিশাল কুমার বলেন সরকার বিশেষ ভাবে সংস্থাদের সাহায্যের বিভিন্ন প্রকল্প গ্রহণ করে চলেছে। পাশাপাশি তাদের আর্থসামাজিক উন্নয়নে ও সরকার অগ্রাধিকার দিচ্ছে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা তপন কুমার দাস সহ এসোসিয়েশনের সদস্যরা। উল্লেখ্য ত্রিপুরায় এখন ৩০-৩২ হাজারের মতো দৃষ্টিহীন ব্যক্তি রয়েছেন।

\* \* \* \* \*

### **Jagriti :**

রাজ্য সরকারের খাদ্য, ভোক্তা বিষয়ক, পরিবহন ও উচ্চ শিক্ষা দপ্তর যৌথভাবে সড়ক নিরাপত্তা, ভোক্তা সুরক্ষা ও ড্রাগসের বিরুদ্ধে ছাত্রছাত্রীদের সচেতনতা তৈরির লক্ষ্যে জাগৃতি নামে এক কর্মসূচী হাতে নিয়েছে। আজ মহাকরণে এক সাংবাদিক সম্মেলনে পরিবহন ও খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী এই সংবাদ জানিয়ে বলেন, এখন থেকে প্রতিবছর জানুয়ারী ও ফেব্রুয়ারী মাসে এই জাগৃতি কর্মসূচী পালন করা হবে। তিনি বলেন, রাজ্যের প্রতিটি ডিগ্রি কলেজ, বিশ্ববিদ্যালয়, পলিটেকনিক কলেজ ও আইটিআই প্রতিষ্ঠানগুলিকে নিয়ে ভোক্তা সুরক্ষা, সড়ক নিরাপত্তা ও ড্রাগসের বিরুদ্ধে সচেতনতা মূলক কৃষ্ণজ প্রতিযোগিতার আয়োজন করা হবে। আগামী ১১ই জানুয়ারী উদয়পুরে - গোমতী জেলা, দক্ষিণ জেলা ও সিপাহীজেলা জেলার বিশ্ববিদ্যালয় ও কলেজসমূহের নির্বাচিত ছাত্র ছাত্রীদের নিয়ে, ১৮ই জানুয়ারী কুমারঘাটে - উত্তর ত্রিপুরা, উন্কোটি ও ধলাই জেলার বিশ্ববিদ্যালয় ও কলেজসমূহের নির্বাচিত ছাত্রছাত্রীদের নিয়ে এবং ২৭শে জানুয়ারী আগরতলায় পশ্চিম ত্রিপুরা ও খোয়াই জেলার বিশ্ববিদ্যালয় ও কলেজসমূহের নির্বাচিত ছাত্র ছাত্রীদের নিয়ে কৃষ্ণজ প্রতিযোগিতা হবে আগামী ৮ই ফেব্রুয়ারী আগরতলায়। খাদ্য ও পরিবহন মন্ত্রী বলেন, পরবর্তী সময়ে স্কুলস্টৱেও এই সচেতনতামূলক কর্মসূচী সম্প্রসারনের পরিকল্পনা রয়েছে রাজ্য সরকারের। পরিবহন মন্ত্রী জানান, পরিবহন ও ট্রাফিক বিভাগের উদ্যোগের ফলে ২০২৩ সালের

তুলনায় গত বছর রাজ্যে সড়ক দুর্ঘটনায় মৃত্যুর সংখ্যা ১৩ শতাংশ কমেছে।

\* \* \* \* \*

### **Governor-Unakoti District :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু বলেছেন, শিক্ষা যেমন জ্ঞানের পরিধি বাড়ায়, তেমনি দক্ষতা চরিত্রগুণ ও মূল্যবোধের ও বিকাশ ঘটায়। আজ উনকোটি জেলার ফটিকরায় দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের ৭৫ বছর উপলক্ষে প্লাটিনাম জয়ন্তী বর্ষের উদ্বোধন করে রাজ্যপাল একথা বলেন। তিনি আরো বলেন, জাতীয় শিক্ষানীতি ২০২০ দেশে চালু হয়েছে, এতে শিক্ষাক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন হচ্ছে। ছাত্রছাত্রীদের মধ্যে আত্মবিশ্বাস বেড়েছে। রাজ্যপাল এই বিদ্যালয়ের গৌরবময় ইতিহাস নিয়ে আলোকপাত করেন।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, তপশিলী জাতি কল্যাণ মন্ত্রী সুধাংশু দাস, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, বিদ্যালয় পরিচালন কমিটির চেয়ারম্যান নীলকান্ত সিংহ, বিদ্যালয়ের প্রধান শিক্ষক কৃষ্ণরঞ্জন পাল প্রমুখ। রাজ্যপাল একটি স্মরণিকার আনুষ্ঠানিক প্রকাশ করেন এবং একটি আর্ট গ্যালারি'র ও উদ্বোধন করেন। বিদ্যালয়ের পক্ষ থেকে রাজ্যপালকে কৃতজ্ঞতাসূচক মানপত্র তুলে দেওয়া হয়। উল্লেখ্য যে, ১৯৫১ সনে এই বিদ্যালয়টি স্থাপিত হয়েছিল।

\* \* \* \* \*

### **Transport Minister :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, আগরতলার এম বি বি বিমানবন্দরে রাত্রিকালীন আরও অধিক সময়ে বিমান চলাচলের জন্য রাজ্য সরকারের তরফে কেন্দ্রীয় সরকারকে অনুরোধ জানানো হয়েছিল। এই অনুরোধের পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী নিত্যানন্দ রাই সম্প্রতি এক চিঠিতে জানিয়েছেন, আগরতলা বিমানবন্দরে নিরাপত্তা ব্যবস্থা সম্প্রসারণের উদ্দেশ্যে কেন্দ্রীয় শিল্প নিরাপত্তা বাহিনী CISF এ অতিরিক্ত ২৬৬ জন জওয়ান নিয়োগের অনুমোদন দেওয়া হয়েছে। আজ মহাকরণে

এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা জানান। সাংবাদিক সম্মেলনে পরিবহন দপ্তরের অতিরিক্ত সচিব সুব্রত চৌধুরী উপস্থিত ছিলেন।

\* \* \* \* \*

### **Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডিস্ট্রিউ. ডিস্ট্রিউ. ডিস্ট্রিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলাটস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

\* \* \* \* \*

### **Gramin Bharat Mahotsav :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গ্রামীণ ভারতকে ক্ষমতায়ন করার জন্য গ্রামগুলিকে বৃক্ষি ও সুযোগের প্রাণবন্ত কেন্দ্রে রূপান্তরিত করার বিষয়ে সরকারের দৃষ্টিভঙ্গির উপর জোর দিয়েছেন। প্রধানমন্ত্রী বলেন যে ২০১৪ সাল থেকে, সরকার গ্রামীণ ভারতের মানুষকে একটি মর্যাদাপূর্ণ জীবন প্রদানের অগ্রাধিকার দিয়ে ক্রমাগত গ্রামীণ ভারতকে সেবা করে চলেছে। আজ নতুনদিল্লির ভারত মণ্ডপমে ছ'দিনব্যাপী গ্রামীণ ভারত মহোৎসবের উদ্বোধনের পর সমাবেশে ভাষণ দেওয়ার সময় প্রধানমন্ত্রী একথা বলেন। তিনি বলেন যে আদিবাসী এলাকার উন্নয়নের জন্য প্রধানমন্ত্রী জনমন যোজনা কয়েক দশক ধরে উন্নয়ন থেকে বঞ্চিত অঞ্চলগুলির জন্য সমান অধিকার নিশ্চিত করছে। তিনি মন্তব্য করেন, গত ১০ বছরে তার সরকার আগের সরকারের অনেক ভুল সংশোধন করেছে। তিনি বলেন, সরকার পল্লী উন্নয়নের মাধ্যমে জাতীয় উন্নয়নের মন্ত্র নিয়ে এগিয়ে যাচ্ছে।

# # # # # # # # Byte-PM# # # # # # #

প্রধানমন্ত্রী বলেন যে এই প্রচেষ্টার ফলস্বরূপ, ২৫ কোটি মানুষকে দারিদ্র্য থেকে বের করে আনা হয়েছে, যাদের অধিকাংশই গ্রামীণ এলাকার। তিনি স্টেট ব্যাঙ্ক অফ ইণ্ডিয়ার একটি সাম্প্রতিক সমীক্ষার কথাও উল্লেখ করে বলেন যে ভারতে গ্রামীণ দারিদ্র্য ২০১২ সালের প্রায় ২৬ শতাংশ থেকে কমে ২০২৪ সালে ৫ শতাংশেরও কম হয়েছে।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ বলেন যে দরিদ্র, কৃষক, যুবক এবং মহিলাদের কল্যাণ ও অর্থনৈতিক ক্ষমতায়নের জন্য বেশ কয়েকটি প্রকল্প বাস্তবায়ন করা হচ্ছে। তিনি বলেন যে এই মহোৎসবে, আদিবাসী এবং উত্তর পূর্বের পণ্ডিত, যার জন্য কারিগরদের জামানত-মুক্ত ব্যাঙ্ক ঋণ দেওয়া হয়েছে, সেগুলি ভারত মণ্ডপমে প্রদর্শিত হবে।

এই মহোৎসবের প্রধান লক্ষ্য হল উদ্যোগের মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন করা। এর উদ্দেশ্য হল উত্তর-পূর্ব ভারতে বিশেষ নজর দেয়া সহ গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে অর্থনৈতিক স্থিতিশীলতা এবং আর্থিক নিরাপত্তার প্রচার।

\* \* \* \* \*

### **Death :**

প্রবীণ বিজ্ঞানী এবং ভারতের পারমাণবিক কর্মসূচির অন্যতম প্রধান স্থপতি ডঃ রাজাগোপাল চিদাম্বরম আজ তোরে মুন্ডাইয়ের একটি হাসপাতালে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৮৮ বছর।

তিনি বেশ কিছুদিন ধরে অসুস্থ ছিলেন। ডঃ চিদাম্বরম ভারতের পারমাণবিক অস্ত্র কর্মসূচি গঠনে ওরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। তিনি ১৯৭৪ সালে ভারতের প্রথম পারমাণবিক পরীক্ষা, সেইসঙ্গে ১৯৯৮সালে পোথরান-২ পরীক্ষায় ওরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন, যা ভারতকে একটি পারমাণবিক শক্তি হিসাবে প্রতিষ্ঠিত করেছিল। তিনি ভারত সরকারের প্রধান বৈজ্ঞানিক উপদেষ্টা, ভাভা পরমাণু গবেষণা কেন্দ্রের পরিচালক এবং পরমাণু শক্তি কমিশনের চেয়ারপার্সন সহ বেশ কয়েকটি

গুরুত্বপূর্ণ বৈজ্ঞানিক ও কৌশলগত পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি ১৯৭৫ সালে পদ্মশ্রী এবং ১৯৯৯ সালে পদ্মবিভূষণ পুরস্কারে সম্মানিত হন।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বরিষ্ঠ বিজ্ঞানী ডঃ রাজাগোপাল চিদাম্বরমের মৃত্যুতে শোক প্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক বার্তায় তিনি বলেন যে এই বিজ্ঞানী ছিলেন ভারতের পারমাণবিক কর্মসূচির অন্যতম স্থপতি। প্রধানমন্ত্রীর বলেন যে সমগ্র জাতি তাঁকে কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করবে এবং তাঁর প্রচেষ্টা আগামী প্রজন্মকে অনুপ্রাণিত করবে।

\* \* \* \* \*

### **State Level Baual Utsav :**

দু'দিনব্যাপী রাজ্যভিত্তিক বাউল ও লোকসংস্কৃতি উৎসব আজ কৈলাশহরের আইটি,আই প্রাঙ্গণে শুরু হয়েছে। লোক সংস্কৃতি সংসদ ও কৈলাশহর পুর পরিষদের যৌথ উদ্যোগে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়। উপস্থিত ছিলেন, উনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, লোকসংস্কৃতি সংসদের সভাপতি অরুণ নাথ প্রমুখ।

\* \* \* \* \*

### **PM Matsya :**

২০২৪-২৫ অর্থবছরে মাছ চাষী ও মাছ ব্যবসায়ীদের জন্য নতুন প্রকল্প প্রধানমন্ত্রী মৎস্য কিষাণ সমূন্দি সহযোজনা চালু হয়েছে। অনলাইনের পোর্টালে তার রেজিস্ট্রেশন চলছে। এখন পর্যন্ত রাজ্যে প্রায় ৭০ হাজার মৎস্য চাষী ও ব্যবসায়ী অনলাইনে নাম নথিভুক্ত করেছেন বলে জানিয়েছেন মৎস্য দপ্তরের অধিকর্তা সন্তোষ দাস। তিনি বলেন রাজ্যে দুই লাখের উপরে মৎস্য চাষ ও ব্যবসায়ী রয়েছেন। এই প্রকল্পে মৎস্য চাষী ও ব্যবসায়ীরা নানা ধরনের সুবিধা পাবেন। তাতে করে মৎস্য উৎপাদন বাড়ানোর পাশাপাশি মৎস্য চাষীরাও আর্থিকভাবে স্বয়ম্ভৱ হতে পারবে।

\* \* \* \* \*

### **Cloth Distribution :**

আগরতলা পুর নিগমের ৬-ং ওয়ার্ডে আজ দৃশ্যদের মধ্যে শীতবন্ধ বিতরণ করা হয়। উপস্থিত ছিলেন মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, কর্পোরেটের মিঠুন দাস বৈষ্ণব, সম্পা সেন সরকার ও প্রদীপ চন্দ।

\* \* \* \* \*

### **Blood Donation :**

সিপিআই এম-এর উদ্যোগে আজ ডেইলি দেশের কথা অফিসে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার, প্রাক্তন মন্ত্রী রতন ভৌমিক, সিপিআইএম নেত্রী রমা দাস। প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রী সরকার স্বেচ্ছা রক্তদানে নবীন প্রজন্মকে উৎসাহিত করার উপর ওরুস্ব আরোপ করেন। তিনি মরণোত্তর চক্ষুদানের অঙ্গীকার নেবার জন্য সবার প্রতি আহ্বান জানান।

\* \* \* \* \*

### **Congress :**

প্রদেশ কংগ্রেসের উদ্যোগে আজ প্রাক্তন মুখ্যমন্ত্রী সুধীর রঞ্জন মজুমদারের প্রয়াণ দিবস পালন করা হয়। আগরতলায় প্রদেশ কংগ্রেস ভবনে আয়োজিত এক সংক্ষিপ্ত অনুষ্ঠানে তার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা। তিনি প্রাক্তন মুখ্যমন্ত্রীর জীবনের বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন।

\* \* \* \* \*

### **Sagar-Bronze :**

সুরাটে অনুষ্ঠিত জাতীয় সাবজুনিয়র জিমনাস্টিক প্রতিযোগিতায় ত্রিপুরার সাগর সরকার ব্রোঞ্জ পদক দখল করেছে। আজ ভল্টিং টেবিল ইভেন্টে সাগর রাজ্যকে ব্রোঞ্জ পদক এনে দেয়।

\* \* \* \* \*

## **Foundation Day :**

ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাবের ৩৩তম প্রতিষ্ঠা দিবস উদযাপন উপলক্ষ্যে আজ এক প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়। ভোলা গিরি মাঠে এই খেলায় ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাব দল ৫ উইকেটে স্কুল অব সায়েন্সেকে হারিয়ে দেয়। পরে পুরন্ধার প্রদান অনুষ্ঠানে স্কুল অব সায়েন্সের অধ্যক্ষ অভিজিৎ ভট্টাচার্য, ত্রিপুরা স্পোর্টস জার্নালিস্টস ক্লাবের প্রতিষ্ঠাতা সদস্য প্রণব সরকার ও সভাপতি সরয় চন্দ্রবর্তী উপস্থিত ছিলেন।

\* \* \* \* \*

## **Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৪ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৬ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

\* \* \* \* \*